গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# মার্চ/২০২৪ মাসে অনুষ্ঠিত জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শরিফুল ইসলাম |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| তারিখ ও সময় | : | ২৮-০৩-২০২৪, দুপুর-১২.৩০ মি: |
| স্থান | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী অনুমোদন; | গত ১০/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার কার্যবিবরণী সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ১০/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ | সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন।<br>(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০) | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান প্রস্তাবিত 'সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন ও টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ' শীর্ষক প্রকল্পের উপর সমবায় অধিদপ্তরের প্রকল্প সংক্রান্ত কারিগরি কমিটির সভা গত ০৫.০২.২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ২২.০২.২০২৪ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১. প্রস্তাবিত 'সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন ও টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ' শীর্ষক প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | 'বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ৩১/১০/২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী PPS Software এর মাধ্যমে ডিপিপি এন্ট্রি দেয়া হয়েছে। | ২. 'বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বেদে, তৃতীয় লিঙ্গা ও দলিত সম্প্রদায়কে নিয়ে সারা দেশে নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ঢাকা বিভাগে ৩টি, রাজশাহী বিভাগে ১টি, রংপুর বিভাগে ২টি, সিলেট বিভাগে ৩টি, ময়মনসিংহ বিভাগে ৩৬টি, বরিশাল বিভাগে ৬টি, খুলনা বিভাগে ৪টি এবং চট্টগ্রাম বিভাগে ৪টি সমবায় সমিতি নিবন্ধনসহ মোট ৫৯টি সমিতি নিবন্ধন দেয়া হয়েছে এবং রংপুর বিভাগে ৫টি ও সিলেট বিভাগে ১টি সমিতির নিবন্ধন প্রক্রিয়াধীন রয়েছে। | ৩. বেদে, তৃতীয় লিঙ্গা ও দলিত সম্প্রদায়কে নিয়ে সারা দেশে নিবন্ধিত সমবায় সমিতিগুলোকে নিয়ে প্রকল্প গ্রহণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| ০৩. | **সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান সমবায় অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা বিগত ১৮.০২.২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়েছে। | ১. 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সভাকে জানান যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-১৯, তারিখ-০৮/০২/২০২৪ খ্রি. মূলে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী নারীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে সমবায়ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির প্রস্তাবনার প্রেক্ষিতে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করার লক্ষ্যে সমবায় অধিদপ্তর কর্তৃক কি ধরণের কর্মপরিকল্পনা/প্রকল্প গ্রহণ করা যায় তার একটি ধারণাপত্র/প্রস্তাবনা পরিকল্পনা শাখায় প্রেরণের নির্দেশনার প্রেক্ষিতে একটি ধারণাপত্র/প্রস্তাবনার খসড়া প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, বিগত ১৩/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক "নারী ক্ষমতায়নের লক্ষ্যে নারী সমবায় সমিতিগুলোকে শক্তিশালীকরণের জন্য কি পরিকল্পনা গ্রহণ করা যায় সে বিষয়ে করণীয় সংক্রান্ত" বিষয়ে বাস্তবতার নিরীক্ষে ০৮ (আট) বিভাগ হতে প্রাপ্ত মতামতের আলোকে উক্ত ধারণাপত্র/প্রস্তাবনার খসড়া প্রস্তুত করা হয়েছে। | ২. "নারী ক্ষমতায়নের লক্ষ্যে নারী সমবায় সমিতিগুলোকে শক্তিশালীকরণের জন্য প্রস্তুতকৃত ধারণাপত্র/প্রস্তাবনাটি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সভাকে জানান "উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় এ শাখার নথিতে সংরক্ষিত বিগত ২০/৩/২০২২ তারিখের তথ্য অনুযায়ী নিবন্ধিত সমিতির সংখ্যা ১০০(একশত) টি।<br>"উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রকল্প ঋণ- ১২,০০০.০০(লক্ষ টাকায়), আবর্তক তহবিল- ১২,২০০.৯৮ (লক্ষ টাকায়), উপকারভোগীর সংখ্যা- নারী- ১৪,৯৪৬ জন। | ৩. সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য সমবায় অধিদপ্তর থেকে বাস্তবায়িত প্রকল্পের আওতায় নিবন্ধিত সকল সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান সমবায় অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়' প্রকল্প সংক্রান্ত কারিগরি কমিটির সভা বিগত ০৪/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে। | ৪. 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবযাত্রার মান উন্নয়ন প্রকল্প ২য় পর্যায়' প্রস্তাবিত প্রকল্পের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| ০৪. | **আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন।**<br>(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০) | 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' পাইলট শীর্ষক প্রকল্পটি (১ম সংশোধিত) ৫৬৫৬.৪০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। গঠিত সমবায় সমিতির সংখ্যা - ১০ টি। উপকারভোগীর সংখ্যা - ২,১৬১ জন। | ১. 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | প্রকল্পের আওতায় ছোট ছোট খামার করার জন্য মিঠাপুকুর উপজেলায় ৮০ একর, শান্তিগঞ্জ উপজেলায় ৫০ একর, মুলাদী উপজেলায় ৪০ একর, মনিরামপুর উপজেলায় ৩২.৪৮ একর, টুঙ্গিপাড়া উপজেলায় ৩৫ একর, গৌরনদী উপজেলায় ২৬ একর জমি পাওয়া গিয়েছে। উক্ত জায়গায় আইলবিহীন জমি চাষের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>কৃষি যন্ত্রের সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি করার জন্য গত ১৯/১১/২০২৩ তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী ১০/১২/২০২৩ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। | ২. প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলায় ছোট ছোট খামার করার জন্য জমি একত্রিত করার কার্যক্রমকে এগিয়ে নিতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | মনোহরগঞ্জ, টুঙ্গিপাড়া ও শান্তিগঞ্জ প্রকল্প এলাকায় ৬ মাস ফসল চাষ এবং অবশিষ্ট ৬ মাস মাছ চাষ করার জন্য সংশ্লিষ্ট উপজেলার কৃষি, মৎস্য ও সমবায় কর্মকর্তার সমন্বয়ে একটি যৌথ পরিকল্পনা প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>টপোগ্রাফিক সার্ভের কার্যক্রম করার লক্ষ্যে বার্ড যে প্রতিষ্ঠানের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করেছে উক্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হয়েছে।<br><br>চলতি অর্থবছরের জানুয়ারি/২০২৪ মাস পর্যন্ত বরাদ্দকৃত অর্থের ৫৩.৭২% ব্যয় করা হয়েছে। | | |
| | | 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন, সমিতি ব্যবস্থাপনা ও আইন শাখার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে আগামী ১ মাসের মধ্যে দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়েছে। | ২. এ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় আগামী ১ মাসের মধ্যে দাখিল করতে হবে। | সভাপতি (এ সংক্রান্ত গঠিত কমিটি) |
| ০৫. | **পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসার। (সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটি (১ম সংশোধিত) ৫৩২১.০০ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি, ২০২১ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে ১০৫.০০ লক্ষ (রাজস্ব বাবদ ১০২.০০ লক্ষ ও মূলধন বাবদ ০৩.০০ লক্ষ)টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ও ২য় কিস্তি বাবদ ৫০.৮০ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের জানুয়ারি/২০২৪ মাস পর্যন্ত ৪৩.৬৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ৪২.৯৪%। | ১. 'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা। জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিতে ৩৫০০.০০ লক্ষ টাকা (রাজস্ব বাবদ ২,৯৮৩.০০ লক্ষ টাকা ও মূলধন বাবদ ৫১৭.০০ লক্ষ টাকা) বরাদ্দ প্রদান করা হয়েছে। সে অনুযায়ী প্রকল্পটির ১ম ও ২য় কিস্তি বাবদ ১৭৪৯.১৬ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের জানুয়ারি/২০২৪ মাস পর্যন্ত ২৪.৪৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ০.৭০%। | ২. 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সভায় জানান সমবায় অধিদপ্তর থেকে নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রমের তথ্য শাখায় সংরক্ষিত না থাকায় মাঠ পর্যায় হতে সংগ্রহের জন্য ছক প্রেরণ করা হয়েছে। তার মধ্যে ১টি বিভাগ হতে তথ্য না পাওয়ায় পর্যালোচনা করা সম্ভব হচ্ছে না। উক্ত তথ্য প্রাপ্তি সাপেক্ষে অগ্রগতি প্রস্তুতপূর্বক উপস্থাপন করা হবে। | ৩. সমবায় অধিদপ্তর থেকে নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সভাকে আরও জানান দুগ্ধ সমবায় সমিতিসমূহ শক্তিশালীকরণের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত মাঠ পর্যায় থেকে তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরবর্তীতে পরিকল্পনা গ্রহণ করা হবে। | ৪. দুগ্ধ সমবায় সমিতিসমূহ শক্তিশালীকরণের লক্ষ্যে একটি পরিকল্পনা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (কৃষিজ শিল্প) সমবায় অধিদপ্তর |
| ০৬. | **উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ ১লা মার্চ-২০২৩ হতে ৩১ আগষ্ট-২০২৪ খ্রি. পর্যন্ত বৃদ্ধির অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ১৮.০৫.২০২৩ তারিখে ৪৭.০০.০০০০.০৩৮.১৪.০০৪.২০২৩-৫১ নং স্মারক মূলে সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকায় প্রেরণ করা | ১. 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির অনুমোদন বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর/ প্রকল্প পরিচালক |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হয়েছে। পুনরায় গত ১২.১১.২৩ তারিখ মেয়াদ বৃদ্ধির জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি ২০২৩-২০২৪ অর্থবছরের আরএডিপিতে অর্ন্তভুক্ত করা হয়েছে। | | |
| | | সহকারী নিবন্ধক (মার্কেট) সভাকে জানান জেলা সমবায় কর্মকর্তা, কুষ্টিয়া, ফরিদপুর, শরিয়তপুর ও নোয়াখালী হতে যথাক্রমে ৪টি, ৯টি, ১টি ও ৩টি সর্বমোট ১৭টি সমবায় বাজার (হাট/বাজার/গ্রোথ সেন্টার) স্থাপনের প্রস্তাব পাওয়া গিয়েছে। | ২. কুষ্টিয়া, ফরিদপুর, শরিয়তপুর ও নোয়াখালী জেলা সমবায় কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত প্রস্তাবের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৩. সারা দেশে গঠিত সমবায় বাজার এর উন্নয়নে/শক্তিশালীকরণে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং পরবর্তী সমন্বয় সভায় তা উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি) সমবায় অধিদপ্তর |
| ০৭. | **স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান সমবায় সমিতিসমূহের আর্থিক ভিত্তি শক্তিশালীকরণের লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) এর ২৬ (খ) ধারা অনুযায়ী আমানত সুরক্ষা তহবিল গঠনের বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের লক্ষ্যে স্মারক নং ৪৭.৬১.০০০০.০৬৫.৩৩.০১১.০৮.৩৭৭(৯), তারিখঃ ২৬/১২/২০২৩ মূলে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। | ১. সমবায় সমিতিসমূহের আর্থিক ভিত্তি শক্তিশালীকরণের লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) এর ২৬ (খ) ধারা অনুযায়ী আমানত সুরক্ষা তহবিল গঠন নিশ্চিতকরণ বিষয়ে গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর/ সদস্য সচিব এ সংক্রান্ত গঠিত কমিটি |
| | | সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর সাথে সঙ্গতি রেখে একটি যুগোপযোগী সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা প্রণয়নের লক্ষ্যে স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৫.৩৩.০১১.০৮.৩৭৮(৯), তারিখঃ ২৬/১২/২০২৩ খ্রি. মূলে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির একটি সভা বিগত ০৭/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ২. বর্তমান সময়ের প্রেক্ষাপটে নিবন্ধন সংক্রান্ত নীতিমালা, ২০০৮ (সংশোধিত ২০১৩) হালনাগাদকরত: পরিপত্র জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| | | সফল বিনিয়োগকারী সমবায় সমিতি নিয়ে বাৎসরিক একটি সম্মেলন আয়োজন এবং তাদেরকে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন ইনসেন্টিভ বা উৎসাহ প্রদানের ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয় | ৩. সফল বিনিয়োগকারী সমবায় সমিতি নিয়ে বাৎসরিক একটি সম্মেলন আয়োজন এবং তাদেরকে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন ইনসেন্টিভ বা উৎসাহ প্রদানের ব্যবস্থা গ্রহণ বিষয়ে গৃহীত কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮. | **৫১তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন (সূত্রঃ ৫১তম জাতীয় সমবায় দিবস, ০৫/১১/২০২২)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান পরিকল্পনা উন্নয়ন শাখা হতে স্মারক নং ৪৭.৬১.০০০০.০৪৯.১৮.০০৪.২২.৩৩, তারিখ ২৯.০২.২০২৪ মূলে জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে কর্মপরিকল্পনা গ্রহণ শিরোনামে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | ১. ৫১তম জাতীয় সমবায় দিবস ২০২২ এ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার আলোকে কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৪/২৪

মো: শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৩.২৩- ৪৫ (৬০) স/মূ;

তারিখ:২৮/০৪/২০২৪খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। যুগ্মনিবন্ধক (সকল)................................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। উপনিবন্ধক (সকল) ................................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৮। সহকারী নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২৮/৪/২০২৪

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ar.coordination@gmail.com